

# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: বাংলা

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/ বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুরিক্স)					মন্তব্য		
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর						
					৪	৩	২	১	০	প্রাপ্ত নম্বর	
১	‘সুভা’ গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীলতা ও অনুভূতি প্রবণতা বিশ্লেষণ	<ul style="list-style-type: none"> <li>বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে।</li> </ul>	<p>১. সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে তার বর্ণনা করতে হবে</p> <p>২. সুভার প্রতি পরিবার ও সমাজের আচরণ যেমন হওয়া প্রয়োজন তার বিবরণ দিতে হবে</p> <p>৩. একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ (তোমার বা পরিবারের অথবা পরিচিত কারো) ব্যাখ্যা করতে হবে</p> <p>৪. ‘একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।’ – মন্তব্যটি সুভা ও তোমার বা পরিবারের অথবা পরিচিত কারো বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ করতে হবে</p>	ক	সুভার প্রতি আচরণ	-	-	বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারলে	বিরূপ আচরণ শনাক্ত করতে পারলে		
				খ	প্রত্যাশিত ইতিবাচক আচরণ	-	প্রত্যাশিত ইতিবাচক আচরণ বিশ্লেষণ করতে পারলে	প্রত্যাশিত আচরণ ব্যাখ্যা করতে পারলে	প্রত্যাশিত আচরণ উল্লেখ করতে পারলে		
				গ	চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা	৭-৮টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারলে	৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারলে	৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারলে	১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারলে		
				ঘ	সুভা ও শিক্ষার্থীর বা পরিবারের অথবা পরিচিত কারো বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মনের পরিচয়	-	মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর বা পরিবারের অথবা পরিচিত কারো বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারলে	মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর বা পরিবারের অথবা পরিচিত কারো বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারলে	সুভা ও শিক্ষার্থীর বা পরিবারের অথবা পরিচিত কারো বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি উল্লেখ করতে পারলে		
<b>মোট</b>											
অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর										১২	
১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর											

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪-এর কম	অগ্রগতি প্রয়োজন

# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: গণিত

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুত্রিক্স)		
০১	<p>শিরোনাম: সেট ও ফাংশন সংক্রান্ত সমস্যা</p> <p><math>A = \{x: x \text{ ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং } x^2 &lt; 20\};</math></p> <p><math>B = \{x: x \in N \text{ এবং } x^2 - 7x + 12 = 0\};</math></p> <p><math>f(y) = \frac{4y-1}{3y+1}.</math></p>	<p>অধ্যায় -২ (সেট ও ফাংশন)</p> <ul style="list-style-type: none"> <li>• সেট ও উপসেটের ধারণা ব্যাখ্যা করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।</li> <li>• সেট প্রকাশের পদ্ধতি বর্ণনা করতে পারবে।</li> <li>• শক্তি সেট ব্যাখ্যা করতে এবং দুই ও তিন সদস্যবিশিষ্ট সেটের শক্তি সেট গঠন করতে পারবে।</li> <li>• ক্রমজোড় ও কার্তেসীয় গুণজ ব্যাখ্যা করতে পারবে।</li> <li>• অম্বয় ও ফাংশন ব্যাখ্যা করতে ও গঠন করতে পারবে</li> </ul>	<p>১) <math>B</math> সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।</p> <p>২) <math>P(A)</math> নির্ণয় করে দেখাও যে, <math>P(A)</math> এর উপাদান সংখ্যা <math>2^n</math> কে সমর্থন করে।</p> <p>৩) <math>R = \{(x,y): x \in A, y \in B \text{ এবং } x + 1 &lt; y\}</math> সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।</p> <p>৪) <math>\frac{f(\frac{1}{y})-1}{f(\frac{1}{y})+1}</math> এর মান নির্ণয় কর।</p>	প্রশ্ন	নির্দেশনা	নম্বর
				১।	<ul style="list-style-type: none"> <li>• তালিকা পদ্ধতিতে প্রকাশ</li> <li>• উপাদান চিহ্নিতকরণ</li> </ul>	০২ ০১
				২।	<ul style="list-style-type: none"> <li>• উপাদান সংখ্যার সমতা দেখানো</li> <li>• <math>2^n</math> নির্দিষ্টকরণ</li> <li>• <math>P(A)</math> নির্ণয়</li> <li>• <math>A</math> নির্ণয়</li> </ul>	০৪ ০৩ ০২ ০১
				৩।	<ul style="list-style-type: none"> <li>• <math>R</math> নির্ণয়</li> <li>• <math>R</math> সেটে <math>A</math> ও <math>B</math> এর উপাদান চিহ্নিতকরণ</li> <li>• <math>R</math> সেটে <math>A</math> অথবা <math>B</math> এর উপাদান চিহ্নিতকরণ</li> </ul>	০৩ ০২ ০১
				৪।	<ul style="list-style-type: none"> <li>• মান নির্ণয়</li> <li>• ফাংশনের মান বসানো</li> <li>• <math>f(\frac{1}{y})</math> নির্ণয়</li> </ul>	০৩ ০২ ০১
					মোট	
					অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর	১২
					১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর	

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪-এর কম	অগ্রগতি প্রয়োজন